ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২।প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। বর্তমান বাজার দর।

সংযুক্তিঃ ৪। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of network spare parts for CCTV system for IRP#1 area under SKWP কাজটির প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকুপ (বাকী ১ টি নলকুপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষন করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকুপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুষ্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্টের IRP#1 এর আওতাধিন বিভিন্ন নলকূপ কম্পাউন্ডের সিসিটিভি সিস্টেম ডাউন হয়ে গিয়েছে। উক্ত সিষ্টেম চেক ও এনালাইসিস করে দেখা গিয়েছে কিছু SPF Module, Patch Cord & ATOP Module নষ্ট হয়ে গিয়েছে যা জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। উল্লেখ্য, উল্লেখিত খুচরা যন্ত্রাংশ অত্র বিভাগের উপ-ভান্ডারে নাই। উক্ত মালামাল গুলো সংগ্রহ করা হলে প্লান্টের নিজস্ব জনবল দিয়ে মেরামত ও পরিবর্তন কাজটি সম্পন্ন করা হবে।

২। সেপ্রেক্ষিতে উপোরোক্ত মালামালগুলো সংগ্রহ করার জন্য বর্তমান বাজারদরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০৩) একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ২৪,৬৪০/-(টাকা চব্বিশ হাজার ছয়শত চল্লিশ) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও অনুচ্ছেদ ১.১ এর বর্নণানুযায়ী CCTV system মেরমত করার জন্য SPF Module, Patch Cord & ATOP Module ক্রয় করার জন্য আলোচ্য Procurement of network spare parts for CCTV system for IRP#1 area under SKWP কাজের আওতায় সর্বমোট টাঃ ২৪,৬৪০/-(টাকা চব্বিশ হাজার ছয়শত চল্লিশ) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৪) অনুমোদনসহ কাজটি PPA-2006 এবং PPR-2008 এর বিধিমালা ৮১ এর (১) ধারা মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

SE, WS/TP-e

১৩.০৮.২০২৫
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

AE/SDE
১৩.০৮.২৫
গাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

EE
১৩.০৮.২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার- কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

১৯.০৮.২০২৫
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

অনুমোদিত
২৪।০৮
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।